

স্মারক নং-৩৮.০০১.০১১.০০.০০.০১৮.২০১৫- ২১৮

১৩ পৌষ, ১৪২৩ বঙ্গাব্দ  
তারিখ: -----  
২৭ ডিসেম্বর, ২০১৬ খ্রিস্টাব্দ

বিষয়: ৩৩তম বিসিএস পরীক্ষায় উত্তীর্ণ কিন্তু পদ সল্পতার কারণে ক্যাডার পদ এবং ১ম শ্রেণীর নন-ক্যাডার পদে সুপারিশকৃত নয় এমন প্রার্থীদের নন-ক্যাডার ২য় শ্রেণীর সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার পদে নিয়োগ প্রদান সংক্রান্ত।


সূত্র: (১) বিপিএসসি এর স্মারক নং ৮০.১১১.০১১.০০.০০.০০৫.২০১৪/২৯৪, তারিখ: ২৬/০৮/২০১৫ ইং  
(২) বিপিএসসি এর স্মারক নং ৮০.১১১.০১১.০০.০০.০০৫.২০১৪/৪০৫, তারিখ: ১৬/১১/২০১৫ ইং

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকপত্রের পরিপ্রেক্ষিতে ৩৩তম বিসিএস পরীক্ষায় উত্তীর্ণ কিন্তু পদ সল্পতার কারণে ক্যাডার পদ এবং ১ম শ্রেণীর নন-ক্যাডার পদে সুপারিশকৃত নয় এমন প্রার্থীদের নন-ক্যাডার ২য় শ্রেণীর পদে নিয়োগের জন্য বাংলাদেশ সরকারি কর্মকমিশন কর্তৃক সুপারিশকৃত ৬১ জন প্রার্থীর মধ্যে নিম্নোক্ত ০১ (এক) জন প্রার্থীর নিয়োগের যাবতীয় আনুষ্ঠানিকতা সম্পন্ন হয়েছে। সে প্রেক্ষিতে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মাঠ পর্যায়ের সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার (২য় শ্রেণী) এর পদে জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী ১৬০০০-৩৮৬৪০/- টাকা বেতনক্রমে (১০ম গ্রেড) নিয়োগ/পদায়ন আদেশ জারির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিদেশক্রমে অনুরোধ করা হলো:

ক্র: নং	প্রার্থীর নাম ও রেজি: নং	স্থায়ী ঠিকানা
৪৯.	এস. এম. জাকির হোসেন ০১০৭৮৭	পিতা: এস.এম. গোলাম রসূল মাতা: মোসা: বিলকিস আরা পারভিন গ্রাম: রাজুপুর, পো: লক্ষীপাশা, উপজেলা: লোহাগড়া, জেলা: নড়াইল।

- ২। এ নিয়োগের ক্ষেত্রে নিম্নোক্ত শর্তাবলী প্রযোজ্য হবে:
- (ক) তাঁদের চাকরিতে যোগদানের পর ২ বছর শিক্ষানবিশ হিসেবে কাজ করতে হবে;
- (খ) শিক্ষানবিশকালে অযোগ্য বিবেচিত হলে কোন কারণ দর্শানো ব্যতিরেকে তাঁদেরকে চাকুরি হতে অপসারণ করা যাবে;
- (গ) শিক্ষানবিশকাল সন্তোষজনক বিবেচিত হলে বিধি মোতাবেক চাকুরীতে স্থায়ী করা হবে;
- (ঘ) চাকুরীতে তাঁদের জ্যেষ্ঠতা সরকারী বিধি মোতাবেক নির্ধারিত হবে;
- (ঙ) তিনি বাংলাদেশের নাগরিক নন এমন ব্যক্তির সংগে বিবাহ বন্ধনে আবদ্ধ হলে অথবা বিবাহের অঙ্গীকারাবদ্ধ হলে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে;
- (চ) তাঁর চাকুরির অন্যান্য বিষয়াদি সরকারের প্রচলিত বিধি-বিধান, আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি বিধান/আদেশ দ্বারা নিয়ন্ত্রিত হবে;
- (ছ) এ চাকুরিতে যোগদানের জন্য তিনি কোন ভ্রমন ভাতা/দৈনিক ভাতা পাবেন না।
- (জ) প্রার্থীদের নিয়োগ আদেশ জারীর ০১ (এক) মাসের মধ্যে পদায়নকৃত কর্মস্থলে যোগদান করতে ব্যর্থ হলে নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে।
- (ঝ) সাময়িক প্রত্যয়নের ভিত্তিতে মুক্তিযোদ্ধা কোটায় সুপারিশকৃতদের নিয়োগ প্রদান করা হলো, তবে চূড়ান্ত যাচাইয়ে মুক্তিযোদ্ধার সঠিকতা সম্পর্কে বিরূপ কোন তথ্য পাওয়া গেলে গৃহীত সমুদয় সুবিধা প্রত্যাবর্তন করতে বাধ্য থাকবেন।

- সংযুক্তি : (ক) প্রার্থীদের মূল আবেদন।  
(খ) প্রার্থীও পুলিশ প্রতিবেদন।  
(গ) প্রার্থীর মেডিকেল সার্টিফিকেট  
(ঘ) বাংলাদেশ সরকারী কর্মকমিশনের তালিকা।

  
২৭/১২/১৬  
(নাসরিন জাহান)  
উপ সচিব (প্রশা-১)  
ফোন: ৯৫৭১৮০১

মহাপরিচালক,  
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর  
মিরপুর-২, ঢাকা।

স্মারক নং-৩৮.০০১.০১১.০০.০০.০১৮.২০১৫-

১৩ পৌষ, ১৪২৩ বঙ্গাব্দ  
তারিখঃ -----  
২৭ ডিসেম্বর, ২০১৬ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

- ১। সচিব, বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন, আগারগাঁও, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। প্রোগ্রামার, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। অফিস কপি।

JW  
২৭/১২/১৬  
(নাসরিন জাহান)  
উপ সচিব (প্রশা-১)